



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2022-23

BNGACOR01T-BENGALI (CC1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাণ্ডিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০ × ৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)
একক - ১
- (ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের প্রকৃত নাম কী বলে মনে করা হয় ? এই গ্রন্থটি কে, কোথা থেকে আবিষ্কার করেন ? গ্রন্থটির সাহিত্যমূল্য বিচার করো। ১+২+৭
অথবা
- (খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আবিষ্কার সম্পর্কিত তথ্য সংক্ষেপে লেখো। কাব্যটির কাব্যমূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৩+৭
- একক - ২
- (গ) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে সমকালীন আর্থ-সামাজিক অবস্থার যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে বিবৃত করো। ১০
অথবা
- (ঘ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের কাহিনি সংক্ষেপে বিবৃত করো। এই কাব্যে কবির কৃতিত্ব সম্পর্কে বিচার করো। ৪+৬
- একক - ৩
- (ঙ) অনুবাদ সাহিত্যের সৃষ্টির সম্ভাব্য কারণগুলি আলোচনা করো। কৃত্তিবাস ওঝার অনূদিত রামায়ণ কাব্যে বাঙালী সমাজের যে প্রতিফলন পড়েছে, তার পরিচয় দাও। ৪+৬
অথবা
- (চ) মহাভারতের তিনজন অনুবাদকের নাম লেখো। এই কাব্যের শ্রেষ্ঠ অনুবাদকের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ২+৮
- একক - ৪
- (ছ) প্রধান দুটি চৈতন্যজীবনী কাব্যের নাম উল্লেখ করো। কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্যজীবনী কাব্যের পরিচয় দিয়ে কবির কৃতিত্ব বিচার করো। ১+৯
অথবা
- (জ) পদাবলী সাহিত্যে কবি জ্ঞানদাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ৫ × ২ = ১০
- (ক) চর্যাপদের ভাষা
(খ) শিবায়ন
(গ) শ্রীকৃষ্ণবিজয়
(ঘ) পরাগলী মহাভারত।

—x—